# এনএপিডি বার্তা

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির ষাণ্মাসিক বুলেটিন

জানুয়ারি ২০২৫

১৬তম বর্ষ ১ম সংখ্যা

জুলাই-ডিসেম্বর ২০২৪


## একাডেমি পরিচিতি

পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে নভেম্বর ১৯৮০ সালে এ একাডেমি প্রকল্প হিসেবে যাত্রা শুরু করে। এরপর ১৯৮৪ সালে একাডেমি সরকারের রাজস্ব খাতে স্থানান্তরিত হয়। মন্ত্রিপরিষদ বিভাগের ০৬-০১-১৯৮৫ তারিখের সিদ্ধান্ত মোতাবেক পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি প্রথমে বডি কর্পোরেট এবং পরে ০৩-০২-১৯৮৫ তারিখে 'সরকারি শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান অধ্যাদেশ-১৯৬১' এর আওতায় একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে রূপ নেয়। ২০০৭ সালের ১২ জুন তারিখে অনুষ্ঠিত 'বোর্ড অব গভর্নরস্'-এর এক সভায় একাডেমির নাম 'পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি' এর পরিবর্তে 'জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি' করার সিদ্ধান্ত গৃহীত হয়। ৩০ আগস্ট, ২০০৯ তারিখে একাডেমির নতুন নামকরণ অনুমোদিত হয়। গত ৩ মার্চ, ২০১০ তারিখে একাডেমির 'রজত জয়ন্তী' পালিত হয়। সরকারের সিদ্ধান্ত মোতাবেক অত্র একাডেমির জন্য নতুন আইন 'জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি আইন, ২০১৮' নামে ০১ অক্টোবর, ২০১৮ তারিখে মহামান্য রাষ্ট্রপতির সম্মতি লাভের মাধ্যমে কার্যকর হয়েছে। একাডেমি ৩/এ, নীলক্ষেত, ঢাকায় ১.০০ একর জমির উপর নয় তলা প্রশাসনিক ও প্রশিক্ষণ ভবন, সাত তলা ডরমিটরী ভবন ও তিন তলা ক্যাফেটেরিয়া ভবন নিয়ে প্রতিষ্ঠিত।




জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির (এনএপিডি) গুরুত্বপূর্ণ কার্যক্রম

**রূপকল্প (Vision):**

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির (এনএপিডি) গুরুত্বপূর্ণ কার্যক্রম ২০২৫ সালের মধ্যে পরিকল্পনা ও উন্নয়ন বিষয়ে দেশের অন্যতম প্রশিক্ষণ প্রতিষ্ঠান হিসেবে আত্মপ্রকাশ।

**অভিলক্ষ্য (Mission):**

প্রশিক্ষণ, গবেষণা ও পরামর্শ প্রদানের মাধ্যমে পরিকল্পনা ও উন্নয়ন বিষয়ে দক্ষ ও নৈতিকভাবে বলীয়ান জনবল সৃষ্টি।

**কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):**

১. কার্যকর পরিকল্পনা প্রণয়নের মাধ্যমে পরিকল্পনা ও উন্নয়ন বিষয়ে একাডেমির সক্ষমতা বৃদ্ধিকরণ;

২. প্রশিক্ষণের গুণগতমানে উন্নয়ন সাধন;

৩. জাতীয় পরিকল্পনা প্রণয়নে কার্যকর ভূমিকা পালন।

**আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহঃ**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন;

২. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন;

৩. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্ড়বায়ন;

৪. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন;

৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

**একাডেমির প্রধান উদ্দেশ্যাবলী:**

(ক) পরিকল্পনা কমিশন, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগ এবং অধীনস্থ সংস্থার পরিকল্পনা কোষ ও প্রকল্পে নিয়োজিত কর্মকর্তাবৃন্দের চাকুরিকালীন প্রশিক্ষণ প্রদান;

(খ) অনুরোধ কোর্স হিসেবে অন্যান্য ক্যাডারভুক্ত কর্মকর্তাদের বুনিয়াদী প্রশিক্ষণ প্রদান;

(গ) বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থার কর্মকর্তাদের জন্য প্রয়োজন ও চাহিদা মোতাবেক প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা;

(ঘ) উন্নয়ন প্রকল্প প্রণয়ন, বিনিয়োগপূর্ব নিরীক্ষা, পরিবীক্ষণ ও মূল্যায়নের ব্যাপারে বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থাসমূহকে পরামর্শ প্রদান, উন্নয়ন পরিকল্পনা সংক্রান্ত গবেষণা ও মূল্যায়নে সমীক্ষা পরিচালনা করা;

(ঙ) দেশে ও বিদেশে বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ রাখা।

## বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমিতে জুন থেকে ডিসেম্বর ২০২৪ সময়ে নিম্নবর্ণিত বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সসমূহ আয়োজন করা হয়, তালিকা নিম্নরূপ:

- 123rd Batch Special Foundation Training Course for BCS (Health) Cadre Officers
- 124rd Batch Special Foundation Training Course for BCS (Health) Cadre Officers
- 26th Batch Special Foundation Training Course for BCS (Health) Cadre Officers
- 125th Batch Special Foundation Training Course for BCS (Health) Cadre Officers
- 126th Batch Special Foundation Training Course for BCS (Health) Cadre Officers
- 27th Batch Special Foundation Training Course for BCS (Health) Cadre Officers

# প্রশিক্ষণ পরিসংখ্যান

## এনএপিডি'তে Project Appraisal, Formulation and Approval বিষয়ক প্রশিক্ষণ কোর্স

এনএপিডি'তে Project Appraisal, Formulation and Approval বিষয়ক প্রশিক্ষণ কোর্স এর ২৩ তম ব্যাচ গত ০৪ আগষ্ট ২০২৪ থেকে ২৮ আগষ্ট ২০২৪ সময়ে অনুষ্ঠিত হয়। ১৫ কর্মদিবস মেয়াদী কোর্সটিতে ২৩ জন কর্মকর্তা গ্রহণ করেন।

## Public Financial Management বিষয়ক প্রশিক্ষণ কোর্স

এনএপিডি'তে Public Financial Management বিষয়ক প্রশিক্ষণ কোর্স এর ২৮তম ব্যাচ গত ০১ সেপ্টেম্বর ২০২৪ থেকে ০৫ সেপ্টেম্বর ২০২৪ সময়ে অনুষ্ঠিত হয়। ০৫ কর্মদিবস মেয়াদী কোর্সটিতে ২২জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। কোর্সটিতে Public Financial Management এর Technical, Economic, Legal, Operational, Schedule ইত্যাদি বিষয়ে সেশন পরিচালনা করা হয়।

## Human Resource Management বিষয়ক প্রশিক্ষণ কোর্স

এনএপিডি'তে Human Resource Management বিষয়ক প্রশিক্ষণ কোর্স এর ২৮ তম ব্যাচ গত ২২ সেপ্টেম্বর ২০২৪ থেকে ২৬ সেপ্টেম্বর ২০২৪ সময়ে অনুষ্ঠিত হয়। ০৫ কর্মদিবস মেয়াদী কোর্সটিতে ২৬ জন কর্মকর্তা গ্রহণ করেন। কোর্সটিতে Introduction to HRM, Human Resource Planning (HRP), Recruitment and Selection, Training and Development, Performance Management, Compensation and Benefits, Employee Relations & Labor Laws, Health, Safety and Employee Welfare, HR Information Systems (HRIS), Strategic HRM, Global HRM বিষয়ক মডিউলে প্রশিক্ষণ প্রদান করা হয়।

## Office Management বিষয়ক প্রশিক্ষণ কোর্স

এনএপিডি'তে Office Management বিষয়ক প্রশিক্ষণ কোর্স এর ২৮ তম ব্যাচ ২২ সেপ্টেম্বর ২০২৪ থেকে ০৩ অক্টোবর ২০২৪ সময়ে অনুষ্ঠিত হয়। ১০ কর্মদিবস মেয়াদী কোর্সটিতে ১৪জন কর্মকর্তা অংশগ্রহণ। কোর্সটিতে Office Organization, Administration, Technology, Communication and Leadership Skills বিষয়ক সেশন পরিচালনা করা হয়।

## Public Procurement Management বিষয়ক প্রশিক্ষণ কোর্স

এনএপিডি'তে কর্মকর্তাদের নিয়ে Public Procurement Management বিষয়ক প্রশিক্ষণ কোর্স এর ২৮তম ব্যাচ গত ২২ সেপ্টেম্বর ২০২৪ থেকে ১০ অক্টোবর ২০২৪ সময়ে অনুষ্ঠিত হয়। ১৫ কর্মদিবস মেয়াদী কোর্সটিতে ১৭জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

## ডিপ্লোমা কোর্স

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমিতে গত ডিসেম্বর-জানুয়ারি ২০২৩ সময়ে Post Graduate Diploma in Development Planning (PGDDP) (36th Batch) এবং Post Graduate Diploma in ICT for Development (PGD ICTD) ($13^{th}$ Batch) অনুষ্ঠিত হয়। ১৩০ কর্মদিবস মেয়াদী কোর্স গুলোতে বিভিন্ন দপ্তর ও সংস্থার ৫৫জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

## Supply Chain Management বিষয়ক প্রশিক্ষণ কোর্স

এনএপিডি'তে Supply Chain Management বিষয়ক প্রশিক্ষণ কোর্স এর ১ম ব্যাচ গত ০৫ মে ২০২৪ থেকে ০৯ মে ২০২৪ সময়ে অনুষ্ঠিত হয়। ০৫ কর্মদিবস মেয়াদী কোর্সটিতে মোট ১৬ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

## Project Management Skills for Executive বিষয়ক প্রশিক্ষণ কোর্স

এনএপিডি'তে Project Management Skills for Executive বিষয়ক প্রশিক্ষণ কোর্স গত ০২ জুন ২০২৪ থেকে  সময়ে অনুষ্ঠিত হয়। ০৫ কর্মদিবস মেয়াদী কোর্স দুটিতে ১৮জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

## Advanced Microsoft Excel বিষয়ক প্রশিক্ষণ কোর্স

দেশের বিভিন্ন পর্যায়ে কর্মরত প্রশাসন ক্যাডারের কর্মকর্তাদের নিয়ে Advanced Microsoft Excel বিষয়ক প্রশিক্ষণ কোর্স এর ১৫ তম ব্যাচ অনুষ্ঠিত হয়। গত  ১৮ আগষ্ট থেকে ০৮ সেপ্টেম্বর ২০২৪ সময়ে ১৫ কর্মদিবস মেয়াদী কোর্সটি অনুষ্ঠিত হয়। কোর্সটিতে ৩৫জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। Data Analysis options, Data import options / Excel Queries, Data Consolidation, Sort & Filter option, Charts & Tables, Pivot Tables & Charts, Dashboards ইত্যাদি সহ Microsoft Excel ব্যাবহার করে Advanced লেভেলের সেশন পরিচালনা করা হয়।

## বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স

- এনএপিডি'তে জুলাই - ডিসেম্বর ২০২৪ সময়ে স্বাস্থ্য ক্যাডার কর্মকর্তাদের জন্য Special Foundation Training Course for BCS (Health) Cadre Officers বিষয়ক প্রশিক্ষণ কোর্স এর  ১২৩, ১২৪, ১২৫ ও ১২৬তম ব্যাচ অনুষ্ঠিত হয়। ৬০ কর্মদিবস মেয়াদী কোর্স গুলোতে মোট ৪০জন করে মোট ১৬০জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।
- এনএপিডি'তে জুলাই - ডিসেম্বর ২০২৪ সময়ে নন-ক্যাডার কর্মকর্তাদের জন্য Special Foundation Training Course for Non-cadre Officers বিষয়ক প্রশিক্ষণ কোর্স এর ২৬ ও ২৭ তম ব্যাচ অনুষ্ঠিত হয়। ৬০ কর্মদিবস মেয়াদী কোর্সগুলোতে মোট ১২০জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

## অনুরোধ কোর্স

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমিতে গত জুন থেকে ডিসেম্বর ২০২৪ সময়ের মধ্যে বিভিন্ন দপ্তর ও সংস্থার মোট ১৬টি অনুরোধ কোর্স অনুষ্ঠিত হয়। কোর্সগুলোতে মোট ৫২২জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। এর মধ্যে উল্লেখযোগ্য কোর্স সমূহের তালিকা দেয়া হলোঃ

- Project Appraisal Course for IMED Offices
- Enhance Understanding on Climate Change Adaptation
- FIDIC Contract Management
- ADBs Procurement Policy and Guidelines
- Public Procurement Project Management for the officials of Ministry of Chittagong Hill Tracts Affairs

ইত্যাদি

## কোর্স পরিসংখ্যান (জুলাই - ডিসেম্বর ২০২৪)

| কোর্স/কর্মশালা | অনুষ্ঠিত কোর্স সংখ্যা | প্রশিক্ষণার্থীর সংখ্যা |
|---|---|---|
| নিয়মিত দিবা ও সান্ধ্যাকালীন কোর্স | ১০ | ২৫৫ |
| ডিপ্লোমা কোর্স | ০২ | ১৩০ |
| উন্নয়ন প্রশাসন কোর্স | ০১ | ৩১ |
| বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স | ০৬ | ২০৩ |
| অন্যান্য (অনুরোধ কোর্স, স্থানীয় প্রশিক্ষণ ইত্যাদি) | ১৫ | ৫২২ |
| কর্মশালা | ০ | ০ |
| **সর্বমোট** | **৩২** | **৯৮০** |




এনএপিডি'র জুলাই-ডিসেম্বর সময়ে কোর্স পরিসংখ্যান




এনএপিডি'র জুলাই-ডিসেম্বর সময়ে প্রশিক্ষণার্থী পরিসংখ্যান

## প্রকাশনা

### ডেভেলপমেন্ট রিভিউ-৩৩ (২০২৪)

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)'র নিয়মিত বার্ষিক প্রকাশনা "Development Review, Volume 33, Year- 2024" প্রকাশিত হয়েছে। এতে ০৪ টি গবেষণা নিবন্ধ প্রকাশ করা হয়েছে।




### ডেভেলপমেন্ট রিভিউ-৩৪ (২০২৫)

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির নিয়মিত বার্ষিক প্রকাশনা "Development Review, Volume 34, Year- 2025" প্রকাশের কাজ চলমান রয়েছে। এলক্ষ্যে লেখা আহ্বান করা হলে ১৪ টি প্রবন্ধ পাওয়া গেছে।

## গবেষণা

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির রাজস্ব খাতের আওতায় ২০২৩-২৪ অর্থ বছরে নিম্নোক্ত ০৪টি যুগপোযোগী গবেষণা কার্যক্রম বাস্তবায়ন হয়েছে।

| Sl. No. | Title | Research Team Members |
|---|---|---|
| **01.** | **Leveraging Digital Bangladesh and ICTs for Higher Economic Growth: An Assessment of the 8th Five-Year Plan Targets.** | **Monzur Hossain, Ph.D**<br>Research Director, BIDS<br>**Mihir Kumar Roy**<br>Professor, City University |
| **02.** | **Exploring Research Integration into Policy Formation: A Study on Generation of Research Based Evidence in Selected Organizations.** | **Dr. Tapash Kumar Biswas**<br>*Principal Investigator-team Leader & Deputy Managing Director, PKSF*<br>**Yasmin Sultana**<br>*Co-Principal Investigator (s) Dept. of Sociology Begum Rokeya University* |
| **03.** | **Free Trade Agreements with Asian Countries: Mapping Policy and Actions in Bangladesh** | **Professor Shah Md. Ahsan Habib**<br>*Principal Investigator, BIBM*<br>**Noor Md. Mahbubul Haque**<br>*Research Advisor & Addl. Secretary Ministry of Commerce* |
| **04.** | **Assessment of Training Needs for NAPD** | **Dr. Md. Nuruzzaman**<br>*(Research & Publication), NAPD*<br>**NAPD Faculty (S)** |

### এনএপিডি কর্তৃক আয়োজিত বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার কর্মকর্তাদের দুই মাস মেয়াদি বিশেষ বুনিয়াদি কোর্সের ১২৩ এবং ১২৪তম ব্যাচের সমাপনী অনুষ্ঠান সম্পন্ন




জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি) কর্তৃক আয়োজিত বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার কর্মকর্তাদের দুই মাস মেয়াদি বিশেষ বুনিয়াদি কোর্সের ১২৩ এবং ১২৪তম ব্যাচের সমাপনী অনুষ্ঠান আজ ১১.০৯.২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন একাডেমির মহাপরিচালক (সরকারের সচিব) জনাব সুকেশ কুমার সরকার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (পিএইচসি এন্ড আইটিএইচসি) ডাঃ তাহমিনা সুলতানা। অনুষ্ঠানটি সভাপতিত্ব করেন একাডেমির অতিরিক্ত মহাপরিচালক (যুগ্মসচিব) জনাব মোঃ আব্দুল মোতালেব সরকার। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন একাডেমির পরিচালক (প্রশিক্ষণ) জনাব মোঃ হাসান তারিক। অনুষ্ঠানে বক্তব্য রাখেন ১২৩তম ব্যাচের কোর্স পরিচালক ও একাডেমির প্রধান প্রশিক্ষক জনাব মোঃ হেলাল উদ্দিন আকন্দ এবং ১২৪তম ব্যাচের কোর্স পরিচালক ও একাডেমির প্রধান প্রশিক্ষক জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন। কোর্স দুইটিতে মোট ৮০ জন চিকিৎসক কর্মকর্তা সফলতার সাথে কোর্স সমাপ্ত করে সনদপত্র প্রাপ্ত হন।

# এনএপিডি'র সাম্প্রতিক কর্মকান্ডের খণ্ডচিত্র




এনএপিডিতে ১৪.০৭.২০২৪ তারিখে অনুষ্ঠিত বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার কর্মকর্তাদের দুইমাস মেয়াদি বিশেষ বুনিয়াদি কোর্সের ১২৩তম এবং ১২৪তম ব্যাচের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন একাডেমির মহাপরিচালক (সরকারের সচিব) জনাব সুকেশ কুমার সরকার।




এনএপিডিতে ২০.০৮.২০২৪ তারিখে অনুষ্ঠিত Public Procurement Management শীর্ষক প্রশিক্ষণ কোর্সের ১৪তম ব্যাচের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন একাডেমির মহাপরিচালক (সরকারের সচিব) জনাব সুকেশ কুমার সরকার।




এনএপিডিতে ০৫.০৯.২০২৪ তারিখে অনুষ্ঠিত Public Financial Management শীর্ষক প্রশিক্ষণ কোর্সের ২৮ তম ব্যাচের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি একাডেমির মহাপরিচালক (সরকারের সচিব) জনাব সুকেশ কুমার সরকার প্রশিক্ষণার্থীদের মাঝে সনদপত্র বিতরণ করেন।




এনএপিডিতে ১১.০৯.২০২৪ তারিখে অনুষ্ঠিত বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার কর্মকর্তাদের দুই মাস মেয়াদি বিশেষ বুনিয়াদি কোর্সের ১২৩ এবং ১২৪তম ব্যাচের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন একাডেমির মহাপরিচালক (সরকারের সচিব) জনাব সুকেশ কুমার সরকার।



এনএপিডির সাবেক সহকারী পরিচালক জনাব মির্জা নুর ইসলাম–এর পূর্ণ অবসরের প্রাক্কালে অবসরজনিত আর্থিক সুবিধার চেক তার হাতে তুলে দেন একাডেমির মহাপরিচালক (সরকারের সচিব) জনাব সুকেশ কুমার সরকার।




Project Feasibility Study and Appraisal course (3rd Batch) এর প্রজেক্ট ভিজিট হিসেবে প্রশিক্ষণার্থীগণ নরসিংদী জেলার পলাশ থানার ঘোড়াশাল সার কারখানা পরিদর্শন করেন।

## এনএপিডি'র সাম্প্রতিক কর্মকান্ডের খণ্ডচিত্র




এনএপিডিতে ০১.১২.২০২৪ তারিখে অনুষ্ঠিত কর্তৃক আয়োজিত বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার কর্মকর্তাদের দু'মাস মেয়াদি বিশেষ বুনিয়াদি কোর্সের ১২৭ এবং ১২৮তম ব্যাচের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. মোঃ মোখলেস উর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বাস্থ্য সেবা বিভাগের সচিব জনাব মোঃ সাইদুর রহমান ও স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা. মোঃ আবু জাফর। অনুষ্ঠানটি সভাপতিত্ব করেন একাডেমির মহাপরিচালক (সচিব) জনাব সুকেশ কুমার সরকার।




এনএপিডির বোর্ড অব গভর্নরসের ৩৯তম সভা গত ২৬.১২.২০২৪ তারিখে বোর্ডের চেয়ারম্যান ও পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব ওয়াহিদউদ্দিন মাহমুদের সভাপতিত্বে পরিকল্পনা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়।



এনএপিডিতে গত ১-৭ ডিসেম্বর ২০২৪ তারিখে এসিআর সপ্তাহ পালিত হয়।



বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের কর্মকর্তাদের নিয়ে দু'মাস ব্যাপী বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের শিক্ষা সফরে সুন্দরবন ভ্রমণ।



Public Financial Management শীর্ষক প্রশিক্ষণ কোর্সের ২৮ তম ব্যাচের সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।



এনএপিডিতে ১৪.০৭.২০২৪ তারিখে অনুষ্ঠিত বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার কর্মকর্তাদের দুইমাস মেয়াদি বিশেষ বুনিয়াদি কোর্সের ১২৩তম এবং ১২৪তম ব্যাচের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত রয়েছেন এনএপিডির ফ্যাকাল্টি মেম্বারসহ সম্মানীত প্রশিক্ষণার্থীবৃন্দ।

## Ongoing Courses

| Sl. No. | Name of the Course | Duration | Working day | Course Management | Comment |
|---|---|---|---|---|---|
| 01. | Post Graduate Diploma in Development Planning (36th Batch) | February-December, 2025 | 130 | Dr. Md. Hasan Tarik, Director (Training)<br>Mohammad Ziaur Rahman, Associate Instructor<br>Md. Al-Amin, Training Officer | On Campus |
| 02. | Post Graduate Diploma in ICT for Development (PGD ICT4D) (14th Batch) | 08.01. 2025 to 07.01.2026 | 130 | Kazi Mohammad Salatuzzaman, System Analyst<br>Faria Zafreen, Librarian<br>Md. Al-Amin, PMP Training Officer | On Campus |
| 03. | Diploma in Project Planning, Development and Management (DPPDM) (17th Batch) | 02.12.2024 to 01.06.2025 | 75 | D.Eng. Md Abdur Rashid, Director (Admin & Finance)<br>Md. Ramjan Ali, Instructor<br>Md. Zinnarul Islam, Documentation Officer | On Campus |
| 04. | English Language Proficiency (42nd Batch) | 28.01.2025 to 25.06.2025 | 45 | Flora Bilkis Jahan, Chief Instructor-1<br>Most. Abeda Sultana, Deputy Director (R&P) | On Campus |
| 05. | Public Procurement Management (16th Batch) | 06.04.2025 to 30.06.2025 | 35 | Mohammad Anwar Hossain, Chief Instructor<br>Mohammad Ziaur Rahman, Associate Instructor | On Campus |

## Ongoing (Regular Day Courses)

| Sl. No. | Name of the Course | Duration | Working Day | Course Management |
|---|---|---|---|---|
| 01. | Leadership and Strategic Planning and Management for the officers of Karmasangsthan Bank (Batch 003) | 20.04.2025 to 24.04.2025 | 05 | Dr Md. Hasan Tarik, Director (Training)<br>Md. Abul Hossain, Training Officer |
| 02. | 131st Special Foundation Training Course for BCS (Health) Cadre Officers | 13 April – 13 June 2025 | 60 | Dr. Engr. Md. Abdur Rashid, Director (Admin & Finance)<br>Dipayan Chakraborty Partho, Assistant Director<br>Md. Nurul Amin, Asst. Programmer |
| 03. | 30th Batch: Special Foundation Training Course for Non-cadre Officers | 20 April – 18 June 2025 | 60 | Kazi Mohammad Salatuzzaman, System Analyst<br>Mohammad Ziaur Rahman, Associate Instructor<br>Matiur Rahman Molla, AVO |
| 04. | 132nd Batch Special Foundation Training Course for BCS (Health) Cadre Officers | 13 April – 13 June 2025 | 60 | Kazi Mohammad Salatuzzaman, System Analyst |

## Upcoming (Evening Courses)

| Sl. No. | Name of the Course | Duration | Working day | Course Management |
|---|---|---|---|---|
| 1. | Basic Data Science (1st Batch) | 18.05.2025 to 29.05.2025 | 10 | Kazi Mohammad Salatuzzaman System Analyst Md. Nurul Amin, Asst. Programmer |
| 2. | Entrepreneurship Development and Management | 18.05.2025 to 22.05.2025 | 05 | Mohammad Anwar Hossain, Chief Instructor Md. Al-Amin PMP, Training Officer |
| 3. | Behavioral Science and Mindset | 18.05.2025 to 22.05.2025 | 05 | Md. Kaisarul Islam, Instructor (Deputy Secretary) Most. Jannatul Ferdousi, Assistant Librarian |
| 4. | Operations Management (1st Batch) | 18.05.2025 to 22.05.2025 | 05 | Dr. Md. Hasan Tarik, Director (Training) Md. Abul Hossain, Training Officer |
| 5. | Post Graduate Diploma in Development Planning (37th Batch) | January-December, 2025 | 130 | Dr. Md. Hasan Tarik, Director (Training) Mohammad Ziaur Rahman, Associate Instructor Most. Lipia Khatun, Evaluation Officer |
| 6. | Japanese Language Proficiency | 27.07.2025 to 20.08.2025 | 12 | Kazi Mohammad Salatuzzaman System Analyst Md. Kaisarul Islam, Instructor (Deputy Secretary) |
| 7. | English Language Proficiency (IELTS Focused) (1st Batch) | 29.06.2025 to 22.10.2025 | 48 | Md. Kaisarul Islam, Instructor (Deputy Secretary) Md. Abul Hossain, Training Officer |

| Sl. No. | Name of the Course | Duration | Working day | Course Management |
|---|---|---|---|---|
| 01. | 132nd Batch Special Foundation Training Course for BCS (Health) Cadre Officers | 13 April – 13 June 2025 | 60 | Kazi Mohammad Salatuzzaman, System Analyst |


| সম্পাদনা পরিষদ | প্রাপকের নাম, পূর্ণাঙ্গ ঠিকানা ও স্ট্যাম্প |
|---|---|
| উপদেষ্টা ঃ **জনাব সুকেশ কুমার সরকার** মহাপরিচালক (সরকারের সচিব), এনএপিডি | |
| প্রধান সম্পাদক ঃ **জনাব সায়মা আফরোজ** অতিরিক্ত মহাপরিচালক (যুগ্ম সচিব), এনএপিডি | |
| সম্পাদক ঃ **ড. প্রকৌঃ মোঃ আব্দুর রশিদ** পরিচালক (গবেষণা ও প্রকাশনা), এনএপিডি | |
| সহঃ সম্পাদক ঃ ১। **মোছাঃ আবেদা সুলতানা** উপ-পরিচালক (গবেষণা ও প্রকাশনা), এনএপিডি; ২। **মোছাঃ জান্নাতুল ফেরদৌসী** সহকারী লাইব্রেরিয়ান, এনএপিডি | |



### যোগাযোগ ও মতামত প্রেরণের ঠিকানা

সম্পাদক, এনএপিডি বার্তা, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি, ৩/এ, নীলক্ষেত, ঢাকা-১২০৫

ফোনঃ ৫৮৬১৪৭০৫-৬, পিএবিএক্স-২৭৩, ফ্যাক্স-৫৮৬১৫৬৯৫

E-mail: research@napd.gov.bd, Website: www.napd.gov.bd